নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
সিলেট পওর বিভাগ
বাপাউবো, সিলেট
মোবাইলনং +৮৮০১৩১৮-২৩৫৭৮৯

Office of the
**Executive Engineer**
Sylhet O&M Division,BWDB, Sylhet.
E-mail: xen.bwdb.sylhet@gmail.com

**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**

স্মারক নং-বাপাউবো/নিঃপ্রঃ/এল-৬/২৮০ তারিখঃ-১৪/০৮/২০২২খ্রিঃ

## “সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি (সংশোধিত)”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট পওর বিভাগ, বাপাউবো, সিলেট দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর আওতায় অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ ক্রয় (Works/Goods) কার্য বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২০২৩ ইং অর্থ বছরের জন্য ঠিকাদার তালিকাভুক্ত/নবায়ন করা হবে। উক্ত তালিকাভুক্ত/নবায়ন বিজ্ঞপ্তি অত্র দপ্তর স্মারক নং পাউবো/নিঃপ্রঃ/এল-৬/১৩০, তারিখঃ- ২৬-০৭-২০২২খ্রিঃ মোতাবেক প্রকাশিত হয় যার আবেদন পত্র জমা দেয়ার সময়সীমা ১৫-০৮-২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। এমতাবস্থায় ঠিকাদারগণের আবেদনের প্রেক্ষিতে পূর্বের সময়সীমা ১৫-০৮-২০২২খ্রিঃ তারিখ এর পরিবর্তে আগামী ৩১-০৮-২-২২খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদনকারী প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ অত্র দপ্তরের সাধারণ শাখায় জমা প্রদান করার জন্য বলা হলো। উল্লেখ্য যে, LTM পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৬৩(২) অনুসরণযোগ্যঃ-

**১। ঠিকাদার তালিকাভুক্তি আবেদনের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩। ব্যাংক সলভেন্সি সাটিফিকেট (ন্যূনতম ২৫ লক্ষ টাকা), ৪। জাতীয় পরিচয়পত্র, ৫। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি, ৬। অথোরাইজেশন লেটার। |
| আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকার (ভ্যাট ব্যতীত) অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, সিলেট বরাবর। |
| তালিকাভুক্তিকরণ ফি | ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, সিলেট বরাবর। |

**২। ঠিকাদার নবায়নের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। নির্ধারিত আবেদনপত্র, ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ৩। ব্যাংক সলভেন্সি সাটিফিকেট (ন্যূনতম ২৫ লক্ষ টাকা), ৪। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০.০০ (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০(তিনশত) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, সিলেট বরাবর। |
| আবেদনের সময়সীমা | ৩১-০৮-২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃকপক্ষ (Procuring Entry) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

স্বাক্ষরিত/-
(আসিফ আহমেদ)
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সিলেট পওর বিভাগ
বাপাউবো, সিলেট।

স্মারক নং- বাপাউবো/নিঃপ্রঃ/এল-৬/২৮০/১(৯) তারিখঃ-১৪/০৮/২০২২খ্রিঃ

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, বাপাউবো, সিলেট।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা **(বোর্ডের ওয়েবসাইটে আরেকবার প্রকাশের জন্য)**
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, সিলেট।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, সিলেট পওর উপ-বিভাগ-১/২/৩, বাপাউবো, সিলেট।
৮। প্রাক্কলনিক, সিলেট পওর বিভাগ, বাপাউবো, সিলেট।
৯। উচ্চমান সহকারী, সিলেট পওর বিভাগ, বাপাউবো, সিলেট। ঠিকাদার তালিকাভুক্তি করণের ফরম আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরণ এবং আবেদন পত্র সমূহ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বলা হলো।

14.08.2022

নির্বাহী প্রকৌশলী
সিলেট পওর বিভাগ,
বাপাউবো, সিলেট।